

# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 15 April, 2025

চট্টগ্রামের ঐতিহাসিক ডিসি হিলে পয়লা বৈশাখ বরণের মঞ্চ ভাঙচুরের ঘটনায় আটক পাঁচ জনকে জিজ্ঞাসাবাদের পর ছেড়ে দিয়েছে পুলিশ। রবিবার সন্ধ্যায় মঞ্চ ভাঙচুরের পর উদ্ভূত পরিস্থিতিতে ৪৭ বছরের মধ্যে প্রথমবারের মতো ডিসি হিলে ঐতিহ্যবাহী বর্ষবরণ অনুষ্ঠান বাতিল করতে বাধ্য হয়েছে আয়োজক সম্মিলিত পহেলা বৈশাখ উদযাপন পরিষদ। ঘটনায় সোমবার কোনো মামলা দায়ের হয়নি এবং আটককৃতদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ না পাওয়ায় তাদের মুক্তি দেওয়া হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

প্রতি বছরের মতো এবারও সম্মিলিত পহেলা বৈশাখ উদযাপন পরিষদ জেলা প্রশাসনের অনুমতি সাপেক্ষে ডিসি হিলে বর্ষবরণ উৎসবের আয়োজন করেছিল। রবিবার সন্ধ্যায় যখন মঞ্চ তৈরির কাজ চলছিল, আনুমানিক ৭টার দিকে একটি মিছিল থেকে এসে অজ্ঞাত ব্যক্তির মঞ্চে ভাঙচুর চালায়। খবর পেয়ে কোতোয়ালী থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং জিজ্ঞাসাবাদের জন্য ঘটনাস্থলের আশপাশের থেকে পাঁচজনকে আটক করে থানায় নিয়ে যায়।

কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আবদুল করিম জানান, আটককৃতদের বিরুদ্ধে রাতভর কোনো পক্ষ থেকে অভিযোগ দায়ের করা হয়নি। ফলে, তাঁদের বিরুদ্ধে কোনো মামলা রেকর্ড করা হয়নি এবং জিডি মূলে (সাধারণ ডায়েরি) জিম্মায় তাদের ছেড়ে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, চট্টগ্রামে ১৯৭৮ সাল থেকে ডিসি হিলে ব্যাপকভাবে বর্ষবরণ অনুষ্ঠান উদযাপিত হয়ে আসছে, যা নগরীর অন্যতম প্রধান সাংস্কৃতিক ঐতিহ্যে পরিণত হয়েছে।

পয়লা বৈশাখ বর্ষবরণ ভাঙচুর মঞ্চ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 21:46

URL: <https://timestodaybd.com/chittagong/847775807>